

পশু নির্যাতন রেজিস্ট্রেশন আইনের প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

নিউইয়র্ক শহরের পশু নির্যাতন রেজিস্ট্রেশন আইন কি?

এটি হল একটি আইন যেটির

- মাধ্যমে পশু নির্যাতন অপরাধে অভিযুক্তদের নাম নিউইয়র্ক শহরের পশু নির্যাতন রেজিস্ট্রিতে নথিভুক্ত করা হবে।
- মাধ্যমে সেইসব পশু নির্যাতনকারী ব্যক্তিদেরকে পশুর মালিক হওয়া, প্রক্রিয়া করা, একসাথে থাকা, হেফাজতে রাখা বা ইচ্ছাকৃতভাবে কোনো পশুর সঙ্গে শারীরিক সংস্পর্শে আশার নিষিদ্ধ করা হয় এবং রেজিস্ট্রারের প্রয়োজন হয়।
- রেজিস্ট্রি চেক করার জন্য এবং উপরে নথিভুক্ত ব্যক্তিদের কাছে কোনো পশু বিক্রয় বা মালিকানা স্থানান্তর করার জন্য পশু-সংক্রান্ত ব্যবসা বা সংস্থার কর্মীদের প্রয়োজন।

এই রেজিস্ট্রিতে কাদের নাম নথিভুক্ত করা আবশ্যিক?

2014 সালের 2রা অক্টোবরের পর যদি কোনো ব্যক্তি পশু নির্যাতনের অপরাধে দোষী সাব্যস্ত এবং যারা

- নিউইয়র্কে বসবাস করেন
- অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার সময় বয়স 18 বছর ছিল
- জেল থেকে পাঁচ বছর আগে মুক্তি পেয়েছেন অথবা যদি পাঁচ বছরের কম কোনো কারাদণ্ডে দণ্ডিত নন

পশু নির্যাতন অপরাধ কি?

আইনের মাধ্যমে যে সব বিষয়ের জন্য কাউকে পশু নির্যাতনের অপরাধে অপরাধী নির্ধারণ করা যাবে

- পশুর লড়াই, নিউইয়র্ক স্টেটের (NYS) কৃষি এবং বাজার সংক্রান্ত আইনের ধারা 351-তে যেমন বলা আছে;
- পশুর উপর দিয়ে জোরে গাড়ী চালানো, অত্যাচার বা আঘাত; নিউইয়র্ক স্টেটের (NYS) কৃষি এবং বাজার সংক্রান্ত আইনের ধারা 353-তে যেমন বলা আছে সেই অনুসারে খাবার খেতে না দেওয়া;
- নিউইয়র্ক স্টেটের (NYS) কৃষি এবং বাজার সংক্রান্ত আইনের ধারা 353-তে যেমন বলা আছে সেই রকম ভাবে পশুদের উপর তীব্র নিষ্ঠুরতা চালানো;
- NYS-এর কৃষি এবং বাজার সংক্রান্ত আইনের ধারা 353(c)-তে যেমন বলা আছে সেই রকম ভাবে পশুদের তৈরিতে পশুদের তড়িতাঘাত করা;
- NYS-এর কৃষি এবং বাজার সংক্রান্ত আইনের ধারা 355-তে যেমন বলা আছে সেই রকম ভাবে পশুদের পরিত্যাগ করা;
- NYS-এর কৃষি এবং বাজার সংক্রান্ত আইনের ধারা 356-তে যেমন বলা আছে সেই রকম ভাবে কোনো খোঁয়াড় বন্দি থাকা পশুকে উপযুক্ত খাদ্য ও পানীয় না প্রদান করলে;
- NYS-এর কৃষি এবং বাজার সংক্রান্ত আইনের ধারা 360-তে যেমন বলা আছে সেই রকম ভাবে পশুদের শরীরে বিষক্রিয়া ঘটালে বা তার চেষ্টা করলে;
- NYS-এর কৃষি এবং বাজার সংক্রান্ত আইনের ধারা 361-তে যেমন বলা আছে সেই রকম ভাবে কিছু গৃহপালিত পশুদের আঘাত করলে;
- NYS পেনাল কোড ধারা 242.15 অনুসারে কোনো সার্ভিস পশুর ফার্স্ট ডিগ্রী ক্ষতি করলে; অথবা
- উপরের উল্লিখিত কোনো ঘটনা অন্য কোনো অধিক্ষেত্রে সংগঠিত হলে তা অপরাধ বলে ধরা হবে।

কিভাবে রেজিস্ট্রেশন কাজ করে?

যে ব্যক্তি রেজিস্ট্রার করবেন তাকে 311-তে কল করে পশু নির্যাতন রেজিস্ট্রির সঙ্গে কথা বলতে হবে বা animalabuserregistry@health.nyc.gov-কে জেল থেকে ছাড়া পাওয়ার পাঁচ দিনের মধ্যে বা জেল না হলে শাস্তির পাঁচ দিনের মধ্যে ইমেল করতে হবে। স্বাস্থ্য বিভাগ একটি সরাসরি অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করবেন।

যে সমস্ত ব্যক্তি দোষী সাব্যস্তের আবেদন করছেন তাদের রেজিস্ট্রার করার প্রয়োজন নেই।

রেজিস্ট্রেশনের জন্য কি ধরনের তথ্য প্রয়োজন?

স্বাস্থ্য বিভাগ নিবন্ধনকারীর একটি ছবি তুলবেন এবং এইসব তথ্য সংগ্রহ করবেন:

- নাম ও সমস্ত ছদ্মনাম বা ওরফে
- জন্ম তারিখ
- লিঙ্গ
- গায়ের রঙ
- জাতি বা জাতিগত
- উচ্চতা ও ওজন
- চোখের রঙ
- বাড়ীর ঠিকানা এবং/অথবা বাসস্থানের প্রত্যাশিত ঠিকানা
- ড্রাইভার'স লাইসেন্স বা নন-ড্রাইভার ফটো আইডি কার্ড নম্বর
- পশু নির্যাতন অপরাধের বর্ণনা
- দোষী সাব্যস্তের তারিখ
- কি শাস্তি দেওয়া হয়েছে

তথ্য আপডেট করার জন্য নিবন্ধনকারীকে অবশ্যই স্বাস্থ্য দপ্তরের সঙ্গে দেখা করা আবশ্যিক

- প্রতি বছর, প্রথম রেজিস্ট্রেশনের তারিখ থেকে 20 দিনের মধ্যে
- তথ্য পরিবর্তনের পাঁচ দিনের মধ্যে

এই রেজিস্ট্রিতে একজন ব্যক্তি কতদিন থাকতে পারে?

- জেল থেকে মুক্তির পাঁচ বছর পর বা শাস্তির তারিখের পর, যেটি পরে হবে, অথবা
- পরবর্তী কোনো পশু নির্যাতন অপরাধের তারিখের দশ বছর পর

কোন গোষ্ঠীদেরকে পশু হস্তান্তর করার আগে অবশ্যই রেজিস্ট্রি চেক করতে হবে?

- নিউইয়র্ক শহরে কর্মরত পশু উদ্ধারকারী গোষ্ঠীসমূহ
- নিউইয়র্ক শহরে পশু আশ্রয়কারী চালনাকারী গোষ্ঠীসমূহ
- নিউইয়র্ক স্টেটের অন্তর্ভুক্ত কুকুর এবং বিড়াল রক্ষাকারী সমিতি
- নিউইয়র্ক স্টেটের অন্তর্ভুক্ত দয়াশীল সমিতি
- নিউইয়র্ক শহরের অন্তর্ভুক্ত পশু হিংস্রতা প্রতিরোধী সমিতি
- নিউইয়র্ক শহরের পোষ্যের দোকান
- নিউইয়র্ক শহরের পশু চিকিৎসকগণ

কিভাবে এই গোষ্ঠীগুলি রেজিস্ট্রি পরীক্ষা করতে পারে?

রেজিস্ট্রিতে অ্যাক্সেস পেতে, nyc.gov/health/animalabuserregistry ওয়েবসাইটে যান এবং “Access the Registry (রেজিস্ট্রি)” বিকল্পটি নির্বাচন করুন। রেজিস্ট্রেশন করা প্রয়োজন।

কোনো ব্যক্তি বিশেষকে কোনো পশু বিক্রয় বা দোক দেওয়ার আগে আইন অনুযায়ী যে সকল গোষ্ঠীর রেজিস্ট্রি পরীক্ষা করা প্রয়োজন তাঁদের অতি অবশ্যই তা করতে হবে।

রেজিস্ট্রির তথ্যে কাদের প্রবেশাধিকার আছে?

আইন প্রয়োগকারী সংস্থা এবং নিউইয়র্ক শহরের ডিস্ট্রিক্ট অ্যাটর্নীর অফিসসমূহেরও রেজিস্ট্রি তথ্যে প্রবেশাধিকার আছে।

রেজিস্ট্রি ব্যবহারের সীমাবদ্ধতা কি?

রেজিস্ট্রি তথ্য কেবলমাত্র নিউইয়র্ক শহরের পশু নির্যাতন রেজিস্ট্রেশন আইন মেনে চলতে ব্যবহার করা যেতে পারে, অন্য কোনো উদ্দেশ্যে নয়।

এই আইন লঙ্ঘনের শাস্তি কি?

যে সব ব্যক্তির প্রয়োজন হিসেবে রেজিস্ট্রি করেন নি বা যখন নিষিদ্ধ তখন কোনো পশুর সঙ্গে ইন্টারেক্ট করছেন তখন এক বছর কারাদণ্ডের শাস্তি, প্রায় \$1,000 পর্যন্ত ফাইন বা উভয়ই দেওয়া হতে পারে।